# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪৭০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا عَمِلَ ابْنُ آدَمَ مِنْ عَمَلٍ يَوْمَ النَّحْرِ أَحَبَّ إِلَى اللَّهِ مِنْ إِهْرَاقِ الدَّمِ وَإِنَّهُ لَيُؤْتَى يَوْمَ الْقِيَامَةِ بِقُرُونِهَا وَأَشْعَارِهَا وَأَظْلَافِهَا وَإِنَّ الدَّمَ لَيَقَعُ مِنَ الله بمَكَان قبل أَن يَقع بِالْأَرْضِ فيطيبوا بهَا نفسا» . رَوَاهُ التِّرْمِذِيّ وَابْن مَاجَه

### বাংলা

১৪৭০-[১৮] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুরবানীর দিনে আদম সন্তানগণ এমন কোন কাজ করতে পারে না যা আল্লাহর নিকট রক্ত প্রবাহিত করার (অর্থাৎ কুরবানী করা) চেয়ে বেশী প্রিয় হতে পারে। কুরবানীর সকল পশুর শিং, পশম, এদের ক্ষুরসহ কিয়ামতের (কিয়ামতের) দিন (কুরবানীকারীর নেকীর পাল্লায়) এসে হাজির হবে। কুরবানীর পশুর রক্ত মাটি স্পর্শ করার পূর্বেই আল্লাহর নিকট মর্যাদাকর স্থানে পৌঁছে যায়। তাই তোমরা সানন্দে কুরবানী করবে। (তিরমিযী, ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আত্ তিরমিযী ১৪৯৩, ইবনু মাজাহ্ ৩১২৬, য‘ঈফ আত্ তারগীব ৬৭১, য‘ঈফ আল জামি‘ ৫১১২। এর সানাদে ‘আবুল মুসান্না সুলায়মান বিন ইয়াযীদ একজন খুবই দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু হিব্বান-এর হাদীস ‘আয়িশাহ্ (রাঃ)-এর হাদীস এভাবে এসেছে, নিশ্চয় (কুরবানী) রক্ত যদি মাটিতে পতিত হয় তাহলে তা আল্লাহর দুর্গে থাকে ক্বিয়ামাতের (কিয়ামতের) দিনে তার মালিককে প্রতিদান দেয়া হবে। হাদীস প্রমাণ করে কুরবানীর দিনে কুরবানী করা আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় ‘আমল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন